# যুক্তরাজ্যের সঙ্গে স্কটল্যান্ডের একসাথে থাকার অর্থ কী।



HM Government

স্কটিশদের স্বাধীনতার উপর গণভোট সম্পর্কিত তথ্যাবলী।


এই পুস্তিকাটি বৃহৎ মুদ্রণ, অডিও এবং ব্রেইল-এও পাওয়া যায়। অনুগ্রহ করে লিখুন,
Scotland Office, 1 Melville Crescent, Edinburgh, EH3 7HW

# একটিই যুক্তরাজ্য।

# একটিই ঐক্যবদ্ধ ভবিষ্যৎ।

১৮ সেপ্টেম্বরে, স্কটল্যান্ডের ভবিষ্যতের উপর একটি বড় সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনাকে বলা হবে: যুক্তরাজ্যের সঙ্গেই থাকা নাকি ছেড়ে চলে যাওয়া এবং একটি পৃথক রাষ্ট্র হয়ে যাওয়া– স্থায়ীভাবে।

স্কটল্যান্ড কেন যুক্তরাজ্যের সঙ্গে থাকবে তার জন্য অনেক কারণই বিদ্যমান রয়েছে বলে এইচএম গভর্নমেন্ট মনে করে।

এই সিদ্ধান্তটি আপনাকেই নিতে হবে এবং সমস্ত প্রাসঙ্গিক বিষয়াবলী বিবেচনা করেই আপনাকে আপনার পছন্দ নির্বাচন করতে হবে।

এই পুস্তিকাটি, যে বিষয়গুলো স্কটল্যান্ডের ভবিষ্যৎকে প্রভাবিত করতে পারে সে ব্যাপারে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে। যদি আপনি এই পুস্তিকায় প্রাপ্ত যে কোনো তথ্য সম্পর্কে আরো বেশি জানতে চান, তাহলে **gov.uk/youdecide2014** ওয়েবসাইটে আরও উপকরণ, প্রকাশনা এবং ঘোষণা রয়েছে।

# যুক্তরাজ্যের সঙ্গে থাকলে, আমাদের অর্থনৈতিকপ্রবৃদ্ধি একসাথে বাড়বে।






## পাউন্ড-এর সকল সুযোগ সুবিধা।

যুক্তরাজ্যের অংশ হিসাবে, স্কটল্যান্ডের সঙ্গে থাকবে বিশ্বের প্রাচীনতম, শক্তিশালী এবং সবচেয়ে স্থিতিশীল মুদ্রা, যা ৩১ মিলিয়ন করদাতা এবং ব্যাঙ্ক অফ ইংল্যান্ড-এর শক্তি দ্বারা পৃষ্ঠপোষণকৃত। দুইটি পৃথক রাষ্ট্র জুড়ে আজকের মুদ্রা ব্যবস্থাপনা পুনরায় তৈরি করা সম্ভব হবে না। আমাদের এখনকার পাউন্ডকে ধরে রাখার একমাত্র উপায় হচ্ছে যুক্তরাজ্যের সঙ্গেই থাকা।

## নিকটতম বাণিজ্যিক অংশীদার।

অন্যান্য যে কোন জি-সেভেন (G7) দেশের চেয়ে যুক্তরাজ্যের অর্থনীতি দ্রুততর পুনরুদ্ধারের পথে রয়েছে। স্কটিশ রপ্তানির দুই তৃতীয়াংশ ইংল্যান্ড, ওয়েলস এবং উত্তর আয়ারল্যান্ডে যায় - যা কিনা বাকি বিশ্বে পাঠানো সম্মিলিত রপ্তানির চেয়েও বেশী – যুক্তরাজ্যের বাকি অংশের সাথে আন্তর্জাতিক সীমানা স্থাপন প্রবৃদ্ধিকে মন্থর করবে, ঠিক যখন আমাদের অর্থনীতির উন্নতি শুরু হয়েছে।




## আরও অধিক ব্যবসা এবং চাকরি।

হাজার হাজার স্কটিশ চাকরি যুক্তরাজ্যের বাকি অংশের সঙ্গে বাণিজ্যের সাথে সম্পর্কযুক্ত। উদাহরণস্বরূপ, ২০০,০০০ স্কটিশ চাকরি, ব্যাংকিং, বীমা ও ফাইন্যান্স দ্বারা সমর্থিত এবং এই শিল্পের নিজের হিসাবেই দশজন গ্রাহকের মধ্যে নয়জনই যুক্তরাজ্যের বাকি অংশে বাস করে।



# যুক্তরাজ্যের সঙ্গে থাকলে, আপনার অর্থ সুরক্ষিত থাকবে এবং আরো বৃদ্ধি পাবে।



## সস্তা বিল।




যুক্তরাজ্যের আর্থিক পৃষ্ঠপোষকতা সুদের হার কম রাখতে সাহায্য করে। তার অর্থ হচ্ছে আপনার এবং আপনার পরিবারের জন্য সস্তা ঋণ এবং মর্গেজ প্রাপ্তির সুযোগ। এবং যেহেতু স্কটল্যান্ড-এর জ্বালানী শক্তির নেটওয়ার্ক এবং পুনঃনবায়নযোগ্য জ্বালানীর জন্য বিনিয়োগ খরচ সমগ্র গ্রেট ব্রিটেন জুড়ে যৌথভাবে শেয়ার করা হয়ে থাকে, তাই যুক্তরাজ্যের সঙ্গে থাকলে স্কটিশ পরিবারগুলোর ভবিষ্যৎ জ্বালানীর বিল বছরে £১৮৯* পর্যন্ত কম রাখা যাবে।



## নিরাপদ সঞ্চয় এবং পেনশন।

যুক্তরাজ্যের অংশ হিসাবে স্কটল্যান্ড থেকে গেলে, যে কোন ইউকে ব্যাংক বা বিল্ডিং সোসাইটিতে আপনার সঞ্চয় £৮৫,০০০ পর্যন্ত গ্যারান্টি দ্বারা সুরক্ষিত থাকবে। এবং রাষ্ট্রীয় পেনশন আরো বেশি সুরক্ষিত হয়ে থাকে কারণ এই ব্যয় সমগ্র ইউকে জুড়ে ৩১ মিলিয়ন করদাতারা শেয়ার করে থাকেন।

## এটি একটি বড় অর্থনীতি যা আমাদের সবাইকে ভালোভাবে রক্ষা করবে।




যুক্তরাজ্যের অর্থনীতি হচ্ছে বিশ্বের ষষ্ঠ বৃহত্তম অর্থনীতি। আমাদের সম্মিলিত আকার, শক্তি এবং বৈচিত্র্য আমাদেরকে একসঙ্গে বড় এবং সফল হওয়ার সুযোগ করে দেবে, এবং কঠিন সময়ে চাকরি রক্ষা করতে সাহায্য করবে। উদাহরণস্বরূপ, ২০০৮ সালে, আমরা স্কটিশ ব্যাংকগুলোকে স্কটিশ জাতীয় আয়ের চেয়ে দুইগুণ বেশি পরিমাণে সহায়তা দিতে পেরেছিলাম।

*সূত্র: Scotland analysis: Energy, HM Government, মে 2014

# যুক্তরাজ্যের সঙ্গে থাকলে, স্কটল্যান্ডের সরকারি পরিষেবাগুলো আরো বেশি সাশ্রয়ী হবে।



## নিম্ন কর, সরকারের উচ্চ ব্যয় ক্ষমতা।




যুক্তরাজ্যের অংশ হিসাবে, স্কটল্যান্ডের আর্থিক অবস্থা, নিম্ন কর এবং সরকারের উচ্চ ব্যয় ক্ষমতার কারণে অনেক শক্তিশালী। ইউকে গভর্নমেন্টের হিসাব অনুযায়ী যুক্তরাজ্যের সঙ্গে থাকার ফলে স্কটল্যান্ড-এ বসবাসকারী প্রতিটি ব্যক্তি প্রতি বছর যে দীর্ঘমেয়াদী আর্থিক সুবিধা পাবে তা হচ্ছে £১,৪০০* এর সমতুল্য।



## সরকারি পরিষেবাগুলোর জন্য আরো বেশি সহায়তা প্রদান করা যাবে।

যুক্তরাজ্যের অংশ হিসাবে, জনগণের জন্য সরকারের উচ্চ ব্যয় ক্ষমতার কারণে স্কটল্যান্ড যুক্তরাজ্যের গড়পড়তা মানের চেয়ে প্রায় ১০% বেশি সুবিধা পেয়ে থাকে, যা অত্যাবশ্যকীয় সরকারি পরিষেবা যেমন স্বাস্থ্য, শিক্ষা ও পরিবহন খাতে তহবিল যোগাতে সাহায্য করে।

## শেয়ারকৃত সরকারি প্রতিষ্ঠান

স্কটল্যান্ড যুক্তরাজ্যের ২০০ টিরও বেশি প্রতিষ্ঠান এবং পরিষেবা থেকে উপকৃত হয়ে থাকে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বিবিসি, দ্যা ন্যাশনাল লটারি, হার ম্যাজেস্টি'স পাসপোর্ট অফিস, রিসার্চ কাউন্সিলস ইউকে এবং ডিভিএলএ। একটি স্বাধীন স্কটল্যান্ডকে অনেক নতুন সরকারি প্রতিষ্ঠান তৈরি করতে হবে, যা হবে জটিল এবং ব্যয়বহুল।



সূত্র: Scotland analysis: Fiscal policy and sustainability, HM Government, মে 2014

# যুক্তরাজ্যের সঙ্গে থাকলে, বিশ্বে স্কটল্যান্ডের একটিশক্তিশালী কন্ঠ থাকবে।



## আমাদের জনগণকে সুরক্ষিত রাখা এবং আমাদের স্বার্থ উন্নীত করা।

অনেক শতাব্দী ধরে স্কটিশ লোকেরা যুক্তরাজ্যের সশস্ত্র বাহিনীর কেন্দ্রস্থলে রয়েছে, যারা আমাদের দেশে এবং বিদেশে নিরাপদ রেখেছে। কোনো অসুবিধায় পড়ে গেলে আপনি সারা বিশ্বের ২০০ টিরও বেশি দূতাবাস এবং কনস্যুলেট থেকে প্রাপ্ত সাহায্যের উপর নির্ভর করতে পারেন। স্কটিশ ব্যবসাসমূহ সারা বিশ্বে যুক্তরাজ্য দ্বারা সহায়তাপ্রাপ্ত। এতে অন্তর্ভুক্ত রয়েছে সাফল্যের সঙ্গে উন্নীত স্কটিশ রপ্তানি যেমন হুইস্কি।






## বিশ্বের দরিদ্রতমদের জন্য সাহায্য।

যুক্তরাজ্য বিশ্বের দ্বিতীয় বৃহত্তম সাহায্যদাতা দেশ। আমাদের সমষ্টিগত প্রভাব এবং ক্ষমতার অর্থ হচ্ছে আমরা চরম দারিদ্র্য দূর করতে সাহায্য করছি, মানবিক সংকটের সময় জীবন রক্ষা করছি এবং আন্তর্জাতিক শান্তিরক্ষা মিশনে অত্যাবশ্যকীয় অবদান রাখছি। ফিলিপাইনে টাইফুন হেইয়ান-এর আঘাতে ক্ষতিগ্রস্তদের সাহায্যের জন্য, যুক্তরাজ্য খাদ্য, পানি, আশ্রয় এবং জীবন রক্ষাকারী ওষুধ প্রদানের মাধ্যমে এক মিলিয়ন মানুষকে সাহায্য করেছে।

## গুরুত্বপূর্ণ স্থানসমূহে একটি প্রভাবশালী কণ্ঠ।

যুক্তরাজ্য জাতিসংঘের একটি নেতৃস্থানীয় সদস্য এবং বিশ্বের একমাত্র দেশ যা ন্যাটো, ইইউ, কমনওয়েলথ, জি-সেভেন (G7), জি-এইট (G8) ও জি-টুয়েন্টি-এরও (G20) সদস্য। ইইউ-এর 'বিগ ফোর'-এর একটি দেশ হিসাবে, যুক্তরাজ্য কৃষি ও মৎস্য খাতে স্কটিশদের স্বার্থ রক্ষা করতে আরও বেশি সক্ষম।





# যুক্তরাজ্যের সঙ্গে থাকলে, স্কটল্যান্ড শক্তিশালী থাকবে।



## রাষ্ট্রসমূহের সমন্বয়ে গঠিত একটি সফল রাষ্ট্রীয় পরিবার।

৩০০ বছরের বেশি সময় ধরে, স্কটল্যান্ড যুক্তরাজ্যের অংশ হিসাবে উন্নতি লাভ করেছে। ইংল্যান্ড, ওয়েলস এবং উত্তর আয়ারল্যান্ডের সাথে একত্রিত হয়ে, স্কটল্যান্ড বিশ্বের সবচেয়ে সফল রাষ্ট্রসমূহের সমন্বয়ে একটি সফল রাষ্ট্রীয় পরিবার তৈরি করেছে।

## একটি শক্তিশালী স্কটিশ পার্লামেন্ট।

স্কটল্যান্ডের ইতিমধ্যেই তার নিজস্ব সংসদ রয়েছে যেখানে হাসপাতাল, স্কুল, পুলিশ সংক্রান্ত এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে সিদ্ধান্ত নেয়া হয়। আগামী বছর থেকে, স্কটিশ পার্লামেন্ট আরও বেশি ক্ষমতা পাবে যার ফলে তারা করের হার নির্ধারণ করতে পারবে এবং সিদ্ধান্ত নিতে পারবে যদি এবং কখন অর্থ ধার করবে।



## আমরা সবাই একসঙ্গে থাকলে উপকৃত হব।

সম্মিলিতভাবে, যুক্তরাজ্যের চারটি রাষ্ট্রে ৬০ মিলিয়ন-এর বেশি মানুষ এবং প্রায় ৫ মিলিয়ন-এর মত ব্যবসা রয়েছে। এই বৃহত্তর কমিউনিটি অধিক সাফল্য এবং বৃহত্তর আর্থিক নিরাপত্তার জন্য বেশী সুযোগ সুবিধা প্রদান করে।



১৮ই সেপ্টেম্বরের গণভোটের অর্থ হল একটি বড় সিদ্ধান্ত নেয়া যা সবকিছুকে প্রভাবিত করবে: কিভাবে আপনি বসবাস এবং কাজ করবেন, কী মুদ্রা আপনি ব্যবহার করবেন, যে কর আপনি দেবেন, যে আইন আপনি মেনে চলবেন এবং যে পাসপোর্ট আপনি বহন করবেন। যুক্তরাজ্য গভর্নমেন্ট বিশ্বাস করে যে একসঙ্গে থেকে আমরা আরো বেশি শেয়ার করতে এবং লাভ করতে পারব।

# এটি একটি বড় সিদ্ধান্ত।
# Gov.uk/youdecide2014
# –থেকে আরো বিস্তারিত তথ্য জানুন

**Youdecide2014** **Youdecide2014**

HM Government

অথবা, আরো বেশি তথ্যের জন্য অনুরোধ করতে আপনি লিখতে পারেন:
Scotland Office, 1 Melville Crescent, Edinburgh, EH3 7HW.

# যুক্তরাজ্যের সঙ্গে স্কটল্যান্ডের একসাথে থাকার অর্থ কী।



HM Government

স্কটিশদের স্বাধীনতার উপর গণভোট সম্পর্কিত তথ্যাবলী।